



Government of Nepal
Department of Hydrology
and Meteorology



সতর্কবার্তা: ০৪

সময়কাল: ০৮-১৪ ফেব্রুয়ারি ২০২৩

বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/রাস্ট রোগের পরামর্শ

মূলবার্তা

বাংলাদেশের গম আবাদ অঞ্চল সমূহের মাঠে গমের পাতার মরিচা রোগের প্রাদুর্ভাব পরিলক্ষিত হচ্ছে। তবে রোগের সংক্রমণ এর মাত্রা খুবই সামান্য।

পরামর্শ

বর্তমান আবহাওয়ার গমের মরিচা রোগের কিছুটা অনুকূল পরিবেশ বিরাজ করছে। বাংলাদেশের কিছু কিছু অঞ্চলে গমের পাতার মরিচা রোগের প্রাদুর্ভাব পরিলক্ষিত হচ্ছে। বিশেষ করে রাজশাহী অঞ্চলের কিছু কিছু মাঠে এই রোগের উপস্থিতি পাওয়া গেছে। তবে তাপমাত্রা বাড়ার সাথে সাথে এই রোগের বিস্তার বাড়তে পারে।

সুপারিশ

কৃষকের মাঠে গমের মরিচা রোগ দেখা গেলে সাথে সাথেই এই রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।